পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
পাইপলাইন মেইনটিন্যান্স শাখা
টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন: pgcl.gov.bd

দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

**স্মারক নম্বর:** ২৮.১৮.০০০০.০০০.০৬৭.৪২.০০০২.২১.১১০

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **Shifting/Relocation of 6" dia x 60 Psig x 72 Meter Gas Distribution Pipeline with Major Road Crossing from Bindur Mour to Rail Gate at Rajshahi-শীর্ষক কাজের টাই-ইন ও গ্যাস কমিশনিং কাজে গ্যাস সরবরাহ সাময়িক বন্ধ রাখা প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক শহীদ এ.এইচ.এম কামরুজ্জামান চত্বর রেলক্রসিং-এ ফ্লাইওভার নির্মাণের জন্য বিন্দুর মোড় থেকে রেলগেট পর্যন্ত পিজিসিএল-এর বিদ্যমান ৬ ইঞ্চি × ৬০ পিএসআইজি × ৭২ মিটার গ্যাস পাইপলাইন অপসারণ/স্থানান্তরের লক্ষ্যে বিষয়ে বর্ণিত কাজটির পাইপলাইন লেইং ও চাপ পরীক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হয়েছে। নবনির্মিত পাইপলাইনে গ্যাস পরিবহনের জন্য পাইপলাইনের দুই প্রান্তে টাই-ইন কাজ সম্পাদন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, টাই-ইন কাজ সম্পন্ন হলে রাস্তার মধ্যে অবস্থিত পুরাতন ৬ ইঞ্চি ব্যাসের ৬০ পিএসআইজি চাপের ৭২ মিটার গ্যাস লাইন অংশটি তৎসময় হতে পরিত্যাক্ত হিসাবে গন্য করা হবে।

আলোচ্য টাই-ইন কাজটি সম্পাদনের নিমিত্ত আগামী ২৯/০৭/২০২৬ইং তারিখ রোজ বুধবার সকাল ৯.০০ ঘটিকা হতে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত রাজশাহী আবিকার আওতাধীন সাগরপাড়া, সিরোইল কাঁচা বাজার এবং বিন্দুর মোড় থেকে ভদ্রা মোড় পর্যন্ত প্রায় ২ কি.মি. এলাকায় গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ রাখা হবে। উক্ত এলাকার আনুমানিক ৭০-৮০ টি মিটারবিহীন আবাসিক গ্রাহক এবং ১ টি শিল্প গ্রাহক রয়েছে।

টাই-ইন কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা ও সামাজিক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গ্যাস সরবরাহ সাময়িক বন্ধ থাকার বিষয়টি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে পত্র/মাইকিং-এর মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকদের অবহিত করা হবে। টাই-ইন কাজ সম্পাদন শেষে গ্যাস কমিশনিং করে দ্রুততম সময়ের মধ্যে গ্যাস সরবরাহ স্বাভাবিক করা হবে।

বিষয়টি সদয় অবহিত করা হলো।

শ্রদ্ধান্তে,

২৭-০৭-২০২৬
এস, এম, তারিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ০২৫৮৮৮৩১৪৫৩
ইমেইল : md@pgcl.gov.bd

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স)
অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

**স্মারক নম্বর:** ২৮.১৮.০০০০.০০০.০৬৭.৪২.০০০২.২১.১১০/১ (১০)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
২। মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৩। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৪। কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব), কোম্পানি সচিবালয় ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৫। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী সেলস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৬। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৭। ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপক, রাজশাহী রিজিওনাল অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৯। ব্যবস্থাপক (রুটিন দায়িত্ব), জিএমআরএস কন্সট্রাকশন অ্যান্ড মেইনটিন্যান্স শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১০। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।

২৭-০৭-২০২৬
মোঃ শাহজাহান আল মামুন
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)